

কুইন্স বরো প্রেসিডেন্ট

অরেলিও অ্যান্টনিও আর্কাব্যাস্কিও (Aurelio Antonio Arcabascio) (R)

হ্যালো, আমার নাম অরেলিও আর্কাব্যাস্কিও এবং সবাই আমাকে টোনি বলে চেনেন। আমি কুইন্স বরো সভাপতি পদের জন্য দাঁড়াচ্ছি।

আমি ৪ বছর বয়স পর্যন্ত এস্টেরিয়া-য় বড় হয়েছি এবং তারপর ইরি-র কলেজে PA পড়তে যাওয়ার আগ পর্যন্ত মাইজ্যাকসন হাইটস-এ থেকেছি। আমি কুইন্স-এ বেড়ে উঠতে পেরে এবং সরকারী স্কুলগুলিতে প্রথম থেকে অষ্টম শ্রেণীতে পড়ার সুযোগ পেয়ে খুশি ছিলাম।

তারপর আমি মাটার ক্রিস্টি HS (এখন সেইন্ট জন্স প্রেপ)-এ পড়ি। আমি বেসবল খেলেছি এবং আমার স্কুলে এবং আমার মাজকপল্লীর বিভিন্ন সঙ্গিতানুষ্ঠানে আমি সক্রিয় ছিলাম। আমি আওয়ার লেডি অফ ফাটিমা ক্ল ল্যান্সারস ড্রাম কর্প-এর সাথে যুক্ত ছিলাম।

এটি একটি সঙ্গিতদলের সাথে যুক্ত থাকার থেকেও বেশি ছিল, এটি ছিল একটি অভিজ্ঞতা যা আমার সাথে সারা জীবন ধরে আছে এবং জীবনভরের স্মৃতি যুগিয়েছে। এটি হচ্ছে সেই ধরনের শৈশবের অভিজ্ঞতা যা আমার সন্তানেরা পারে বলে কামনা করি।

দেখুন, কেবলমাত্র আমাদের স্থানীয় সংগঠনের বিভিন্ন কার্যক্রমের কারণে আমরা খুব সক্রিয় ছিলাম, কিন্তু সেটি ইতিমধ্যে অনুদানের অভাবে সেগুলো বন্ধ হয়ে গিয়েছে।

আপনাদের পরবর্তী বরো প্রেসিডেন্ট হিসাবে সেগুলো ফিরিয়ে আনার জন্য কঠিন প্রচেষ্টা করা হবে, আমার অন্যতম পদক্ষেপ।

আমি অনুদানের ব্যবস্থা করবো এবং স্থানীয় সংগঠনগুলোর সাথে এই কার্যক্রমগুলিকে পুনরীক্ষিত করার জন্য আলাপ করে, যেগুলিতে আমাদের সন্তানরা যুক্ত হবে এবং যা তাদেরকে দলবদ্ধতা এবং দায়িত্বশীলতা শেখাবে, কোন দক্ষতার কথা তো উল্লেখই করছি না।

আপনারা দেখুন, যদি আমরা একটি দল হিসেবে একসাথে কাজ করি, আমরা একটি বরো হিসেবে অনেক কিছু হাসিল করতে পারি।

কুইন্স হচ্ছে NYC-র জানলা এবং নতুন আগতরা যখন আমাদের পাড়া দিয়ে পেরিয়ে NY-এর অন্যান্য জায়গায় যাবেন তাঁরা বলবেন “ফেরার পথে আমরা এখানে থামব” সেরকম করার জন্য আমাদের প্রয়োজন যথাসম্ভব চেষ্টা করা এবং আমরা বলবো, “কুইন্স....আমাদের বাড়িতে স্বাগতমা”

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।